

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৪.২০২৩. ১৭২


তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব আবু তাহের মো: কামরুল হাসান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নানিয়ারচর, রাজশামাটি পার্বত্য জেলা গত ০৮/১২/২০১৫ তারিখ ধর্মপাশা উপজেলায় মাধ্যমিক শিক্ষা অফিসার পদে যোগদানের পর থেকেই কর্মস্থলে অনুপস্থিত থাকাসহ বিভিন্ন রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ দিবস ও অনুষ্ঠানে অনুপস্থিত থাকা এবং শিক্ষক/কর্মচারীদের হয়রানীর বিষয়টি জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ কর্তৃক সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব আবু তাহের মো: কামরুল হাসান,
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নানিয়ারচর, রাজশামাটি পার্বত্য জেলা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।